[redacted]

[redacted]

[redacted]

[

হয়েছে। এছাড়া উদ্ধার করা গরুটি মালিকের কাছে হস্তান্তর করা হয়েছে।

সাংবাদিক হাসনাত শাহীন ও তার পরিবারকে প্রাণনাশের হুমকির ঘটনায় ডিআরইউ’র নিন্দা

ঢাকা রিপোর্টার্স ইউনিটি’র (ডিআরইউ) স্থায়ী সদস্য ও সংবাদ সারাবেলা’র সিনিয়র রিপোর্টার আবুল হাসনাত মো. শাহীন (হাসনাত শাহীন)সহ তার পরিবারের সকলকে প্রাণনাশের হুমকির ঘটনায় নিন্দা জানিয়েছে ডিআরইউ। হুমকীর ঘটনায় তার পরিবার মেহেরপুর সদর থানাসহ প্রশাসনের বিভিন্ন মহলকে অবহিত করেছে।

আজ রবিবার (৭ এপ্রিল) এক বিবৃতিতে ডিআরইউ কার্যনির্বাহী কমিটির পক্ষে সভাপতি সৈয়দ শুকুর আলী শুভ এবং সাধারণ সম্পাদক মহি উদ্দিন এই ঘটনার সুষ্ঠু তদন্ত করে জড়িতদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য আইনশৃঙ্খলা বাহিনীর প্রতি আহ্বান জানান।

আবুল হাসনাত মো. শাহীন (হাসনাত শাহীন) জানান, ‘গত ১লা এপ্রিল; সোমবার রাত ১০টার দিকে মেহেরপুরের রাধাকান্তপুর গ্রামের বাড়ি থেকে আমার ছোটভাই আবুল হাসান মো: শাহরিয়ার (শাহরিয়ার লিয়ন)’কে ডেকে নিয়ে গিয়ে পুলিশের ইন্ধনে পুলিশের সামনে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে গুরুতর জখম করে একদল সন্ত্রাসী। সন্ত্রাসীরা সবাই বর্তমান জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন (দোদুল)-এর কর্মী। যে কারণে পুলিশের সামনে লিয়নের ওপর হামলা করার পরও তারা প্রকাশ্যে ঘুরে বেড়াচ্ছে! এমনকি ঘটনার দিন রাতে পুলিশের সঙ্গেই সন্ত্রাসীরা ঘুরে বেড়িয়েছে। এই হামলার পরে লিয়ন কোন রকম প্রাণে বেঁচে গেলে সন্ত্রাসীরা এখন লিয়নসহ আমার পরিবারের (আমি, আমার আরও দুই ভাই এবং বাবা-মা’সহ অন্যান্য আত্মীয়-স্বজন) সকলকে নানাভাবে প্রাণনাশের হুমকি দিচ্ছে। সন্ত্রাসীরা বলছে- যাকে মেরেছি; সে মরেনি, এবার তাকে তো মারবোই, তার পরিবারের যাকে যেখানেই দেখবো; সেখানেই মেরে লাশ ফেলে রাখবো।

বিবৃতিতে ডিআরইউ নেতৃবৃন্দ আইনশৃঙ্খলা বাহিনীকে দ্রুত তদন্ত করে সংশ্লিষ্ট ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি জানান ।

গাংনীর কাথুলীতে প্রধানমন্ত্রীর ঈদ উপহার ভিজিএফ চাউল বিতরণ

গাংনীর কাথুলী ইউনিয়ন পরিষদে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেওয়া ঈদ উপহার ভিজিএফের চাউল বিতরণ করা হয়েছে।

আজ রবিবার সকাল ১১ টার সময় কাথুলী ইউনিয়ন পরিষদের ভিজিএফের চাউল বিতরণ কর্মসূচি ১ম দিনের মত শুরু হয়েছে।

চাউল বিতরণ কর্মসূচি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর -২ আসনের সংসদ সদস্য ডা নাজমুল হক সাগর এমপি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা, কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা, ট্যাগ অফিসার হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টু, কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান, কাথুলী ইউনিয়ন পরিষদের সচিব ইফতেখার আহমেদ,সহকারী সচিব আসলাম হোসেনসহ কাথুলী ইউনিয়ন পরিষদের সকল মেম্বার বৃন্দ।

কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা জানান, আজ প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেওয়া ঈদ উপহার ভিজি এফের ১০ কেজি করে চাউল বিতরণ কর্যক্রম শুরু করা হয়েছে। এবার ঈদ উপহার কাথুলী ইউনিয়ন পরিষদের ৩৫১৪ জনের মধ্যে বিতরণ করা হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকার জনগনের সাথে ঈদের আনন্দ ভাগাভাগি করতে উপহার পাঠিয়েছেন ১০ কেজি করে ভিজিএফের চাউল।

এ বিষয়ে মেহেরপুর-২ আসনের সাংসদ সদস্য ডাঃনাজমুল হক সাগর এম পি বলেন, জনগনের সরকার, অসহায় দুস্থ মানুষের আস্থা ও বিশ্বাসের নাম প্রধানমন্ত্রী শেখহাসিনা সরকার।

তিনি বলেন, বর্তমান সরকার জনগনের পাশে থেকে সকল প্রকার উন্নয়ন মানুষের দৌড় গোড়ায় পৌছে দিচ্ছে । ঈদ মানে আনন্দ ঈদ মানে খুশি এই আনন্দ এবং খুশিটুকু আপনাদের সাথে ভাগ করে নিতে আপনাদের জন্য উপহার পাঠিয়েছেন। আপনারা কিভাবে ভালো থাকবেন সেই চিন্তা করেন বর্তমান সরকার প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

গাংনীতে অগ্নিসংযোগে ক্ষতিগ্রস্ত পরিবারের পাশে এমপি সাগর

গাংনীর কাথুলী ইউনিয়নে অগ্নিসংযোগে ক্ষতিগ্রস্ত পরিবারের পাশে দাড়ালেন এম পি নাজমুল হক সাগর। অগ্নিসংযোগ এর ঘটনার খবর পেয়ে আজ রবিবার বেলা ১২ টার সময় ঘটনা স্থলে ছুটেযান মেহেরপুর- ২ আসনের সংসদ সদস্য ডাঃ এ এস এম নাজমুল হক সাগর।

এসময় কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা এবং গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা সহ ওয়ার্ড মেম্বর হুছাইন মাহমুদ ঘটনা স্থলে উপস্থিত ছিলেন। পরে ক্ষতিগ্রস্ত পরিবারকে আর্থিক সহযোগিতা হিসেবে নগদ অর্থ প্রদান করেন এবং কম্বল সহ খাদ্য সামগ্রিক দিয়ে সহযোগিতা করেন। ক্ষতিগ্রস্ত পরিবারকে সমবেদনা জানান বর্তমান এমপি ডাক্তার নাজমুল হক সাগর।

জানাযায় গাংনীর কাথুলী ইউনিয়নের কয়েকটি গ্রামে দফায় দফায় অগ্নি সংযোগের ঘটনা ঘটেছে। গতকাল শনিবার সন্ধ্যা ৬ টার সময় কাথুলী ইউনিয়নের খাসমহল গ্রামে মোহাম্মদ ইমরান আলীর বাড়িতে অগ্নি সংযোগের ঘটনা ঘটেছে।

এ বিষয়ে কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান জানান খাসমহল গ্রামের এমন ঘটনা সত্যিই আমরা মর্মহত। তবে আমি কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হিসেবে এই পরিবারের পাশে থেকে সর্বচ্চ সহযোগিতা করবো। আজকে মেহেরপুর- ২ আসনের সংসদ সদস্যের নির্দেশনায় নগদ অর্থ সহ খাদ্য সামগ্রী নিয়ে উপস্থিত হয়েছি। আগামী

তে উপজেলা নির্বাহী অফিসারের সাথে আলোচনা করে সর্বাত্মক সহযোগিতা করার চেষ্টা করবো ইনশাআল্লাহ।

উপজেলা নির্বাহী অফিসার প্রিতম সাহা জানান আজকে আমরা উপজেলা প্রশাসন থেকে কিছু নগদ অর্থ কিছু শোকলা খাবার এবং কম্বল প্রদান করে গেলাম এবং কাছের ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও নগদ অর্থ খাবার চাউল কম্বল প্রদান করেছেন পরবর্তীতে আমার কাছে এই ক্ষতিগ্রস্ত পরিবার যদি করে তার পরিপ্রেক্ষিতে আমি উপজেলা প্রশাসন থেকে সর্বোচ্চ সহযোগিতা করব।

ক্ষতিগ্রস্ত ইমরান হোসেন জানান আমরা ইফতার নিয়ে ব্যাস্ত ছিলাম এমন সময় রান্না ঘর থেকে অগ্নি সংযোগের সৃষ্টি হয়ে আমার ঘরে লাগে তারপর গোয়াল৷ ঘরে লাগে। আমার ঘরে বাড়ি করবো বলে ৪ লক্ষ টাকা রাখাছিল সেটা পুড়ে ছাই হয়ে গেছে,ঘরের জিনিপত্র ধান গম সব কিছু পুড়ে ছাই হয়ে গেছে। আমি আপনাদের কাছে দোয়া চাই আমার আর কিছু করার নেই আমার দিকে একটু খেয়াল রাখবেন। আসন্ন ঈদ যেন এই পরিবারের কাছে এক শোকের ছায়া।

অপরদিকে একই দিনে মাইলমারী গ্রামে মৃত জামিরুলের স্ত্রী ছমিরনের বাড়িতে তামাক ঘরে অগ্নি সংযোগ হয়ে রান্নাঘর সহ প্রতিবেশী আরো তিনটি পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছে।

আমঝুপিতে মুকুল ফাউণ্ডেশনের শাড়ি-কাপড় বিতরণ

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি মুকুল ফাউন্ডেশনের উদ্যোগে পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে শাড়ী- কাপড় বিতরণ করা হয়েছে।

রবিবার সকালে ফাউন্ডেশনের কার্যালয় প্রাঙ্গনে শাড়ি কাপড় বিতরণের উদ্বোধন করা হয়।

মুকুল ফাউন্ডেশনের চেয়ারম্যান প্রকৌশলী জিয়াউর রহমান মুকুল (ভার্চুয়াল) শাড়ি কাপড় বিতরণের উদ্বোধন করেন।

জিয়াউর রহমানের পিতা জহিরুল ইসলাম খানের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন মুজিবনগর ডিগ্রী কলেজের অবসরপ্রাপ্ত অধ্যক্ষ আব্দুল জলিল, বীর মুক্তিযোদ্ধা মতিউর রহমান, সেলিম রেজা, সাইদুর রহমান, মতিউল আশরাফ, আসাদুজ্জামান লিটন, আখতার হোসেন, রিকো প্রমূখ।

অনুষ্ঠানে আমঝুপি গ্রামে অসহায় ও দুস্থদের মাঝে এসকল শাড়ি কাপড় তুলে দেওয়া হয়।

মেহেরপুরে “বাড়ি মেহেরপুর” এর উদ্যোগে ঈদ উপহার বিতরণ

বাড়ি মেহেরপুর ফেসবুক গ্রুপের পক্ষ থেকে অসহায় মানুষের মাঝে নিত্য প্রয়োজনীয় ঈদ উপহার সামগ্রী বিতরণের আয়োজন করা হয়।

৭ই এপ্রিল রবিবার পুরাতন বাসস্ট্যান্ড সংলগ্ন পোস্ট অফিস রোডে ফেসবুক ভিত্তিক সামাজিক গ্রুপ বাড়ি মেহেরপুরের প্রধান কার্যালয়ে প্রতিবছরের ন্যায় এবারও ১০০টি অসহায় পরিবারের মাঝে ঈদ উপহার সামগ্রী বিতরণে করা হয়।

বাড়ি মেহেরপুর গ্রুপের প্রতিষ্ঠাতা এডমিন আমেরিকান প্রবাসী এম এম নুরুজ্জামান বাবুর সার্বিক তত্ত্বাবধানে বাড়ি মেহেরপুর গ্রুপের এডমিন মোঃ রিনুর পরিচালনায় ঈদ উপহার সামগ্রী বিতরণের সময় উপস্থিত ছিলেন বাড়ি মেহেরপুর গ্রুপের এডমিন আসাদুজ্জামান খান রাজ।
বাড়ি মেহেরপুর ফেসবুক গ্রুপের মডারেটর মিলি ইসলাম, নাসরিন বিনতে মেরাজ, এম এ মাবুদ।

বাড়ি মেহেরপুর গ্রুপের এডমিন মোঃ রিনু বলেন আমরা প্রতিবছরের মতো এ বছরেও অসহায় মানুষের মাঝে ঈদ উপহার সামগ্রী বিতরণ করছি। যারা আমাদেরকে সাহায্য করেছেন তাদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি ।

এ সময় তিনি আরো বলেন বাড়ি মেহেরপুর গ্রুপ একটি সম্পূর্ণ অরাজনৈতিক এখানে রাজনীতির কোন ছত্রছায়া নেই । বাড়ি মেহেরপুর ফেসবুক গ্রুপের প্রধান যে কাজ চলমান রয়েছে তা হল প্রতিমাসে একটি অসহায় পরিবারের মাঝে নগদ ১০ হাজার টাকা প্রদান করা হয়। প্রতিমাসে যে কোন একটি মাদ্রাসায় (হিফয ও এতিমখানা) ৫০ কেজি চাল দেওয়া হয়। শীতের সময় আমরা মানবতার দেওয়াল দিয়ে থাকি যাতে শীতের কাপড়ের অভাবে কোন মানুষ কষ্ট না পায়।

গাংনীতে গৃহবধূর মরদেহ উদ্ধার, স্বামী ও শশুর পুলিশ হেফাজতে

মেহেরপুরের গাংনীতে টুম্পা খাতুন(১৮) নামের এক নববধূর ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। এঘটনায় ওই গৃহবধূর পিতার আবেদনের প্রেক্ষিতে স্বামী সাঈদ হোসেন (২৩) ও শশুর মিঠু হোসেনকে (৪৮) জিজ্ঞাসাবাদের জন্য থানা হেফাজতে নেওয়া হয়েছে।

রবিবার (৭ এপ্রিল) সকাল ৯ টার দিকে ওই গৃহবধূর মরদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল মর্গে নেওয়া হয়েছে।

শনিবার (৭ এপ্রিল) দিবাগত মধ্যরাতে ঘটনাটি ঘটেছে গাংনী উপজেলার ঢেপা স্কুলপাড়া এলাকায়। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: তাজুল ইসলাম এই তথ্য নিশ্চিত করেছেন।

জানা গেছে, প্রায় ছয় মাস পূর্বে গাংনী উপজেলার ঢেপা গ্রামের সাঈদ হোসেনের সাথে মেহেরপুর সদর উপজেলার দফরপুর গ্রামের পিন্টুর মেয়ে টুম্পা খাতুনের বিয়ে হয়। সাঈদ পেশায় রাজমিস্ত্রী। বিয়ের পর তারা দুজনেই সংসার করে আসছিলেন।

সাঈদ হোসেনের খালা পারভীনা খাতুন বলেন, তারা স্বামী স্ত্রীর মধ্যে ভালো সম্পর্ক ছিলো। গতকাল ঈদের বাজার করেছে। সারাদিন রোজা পালনের পর সন্ধ্যায় পিকনিক করেছে। আর মধ্যরাতে শুনছি গলাই দঁড়ি দিয়েছে। ওদের স্বামী স্ত্রীর মধ্যে কি ছিলো আমরা কিছুই

বুঝতে পারছি না।

ওসি মো: তাজুল ইসলাম জানান, মরদেহ উদ্ধার করা হয়েছে। ময়নাতদন্ত হবে। এছাড়া গৃহবধূর স্বামী ও শশুরকে জিজ্ঞাসাবাদের জন্য থানায় নেয়া হয়েছে। ময়নাতদন্তের রিপোর্ট পাওয়ার পর জানা যাবে এটি হত্যা নাকি আত্মহত্যা।

মেহেরপুরে ১০ টাকায় ঈদের বাজার

ঈদ আনন্দ ঘরে ঘরে পৌঁছে দিতে ব্যতিক্রমী উদ্যোগ নিয়েছে ‘মেহেরপুর ভাবনা’ নামের একটি সংগঠন। বাচ্চাদের জন্য মাত্র ৫ টাকায় পোশাক আর ১০ টাকার বিনিময়ে সুবিধা বঞ্চিত শিশুদের অভিভাবকরাও পাচ্ছেন ঈদের বাজার।

গতকাল শনিবার সকাল ১০টার দিকে মেহেরপুর কমিউনিটি সেন্টারে সংগঠনটি এ আয়োজন করে।
বেশ কয়েক বছর যাবত মেহেরপুর ভাবনা নামের একটি সামাজিক সংগঠন সুবিধা বঞ্চিত শিশু ও তার পরিবারের মধ্যে স্বল্প টাকায় পোশাক ও খাবারের ব্যবস্থা করে থাকেন। এবারও এমনি ভাবে মাত্র ৫ টাকায় পোশাক ও ১০ টাকায় পরিবারের সদস্যরা খাবার পাচ্ছেন। খাবারের মধ্যে রয়েছে, চাল, আটা, ডাল, আলু, পিঁয়াজ, সেমাই, ময়দা, লবণ, চিনি ও দুধ। এতে ছিন্নমূল ওই পরিবারের লোকজনের মধ্যে বইছে আনন্দের জোয়ার।

সুবিধাভোগীরা জানান, তাদের পরিবারের এবার ঈদের কোন আনন্দ ছিল না। ছেলেদের পোশাক আর ঘরের খাবার কেনা টাকা নেই। এরই মাঝে মেহেরপুরের ভাবনা সংগঠনটি ঈদের আনন্দকে ভাগাভাগি করতে স্বল্প টাকায় পোশাক ও খাবারের ব্যবস্থা করেছেন।

মাত্র ৫ টাকায় পছন্দ মতো পোশাক পেয়ে আবেগ আপ্লুত হয়েছে বাচ্চারা। সেই সঙ্গে খুশি সুবিধা বঞ্চিত শিশুদের অভিভাবকরাও। ১৫০ শিশু ঈদে নতুন পোশাক মেহেরপুর ভাবনার কাছে থেকে ক্রয় করেছে। সেই সাথে এবার নতুন মাত্রা যোগ হয়েছে ১০ টাকার বিনিময়ে বাজার তার ভিতরে রয়েছে, চাল, আটা, ডাল, আলু, পিঁয়াজ, সেমাই, ময়দা, লবণ,

চিনি ও দুধ। ইতোমধ্যে ৪০টি পরিবার এটি সংগ্রহ করেছে।

মেহেরপুর ভাবনার সমন্বয়ক রাতুল আহমেদ জানান, নিজেদের দায়িত্ববোধ থেকে সংগঠনের সকলে মিলে এ ধরনের উদ্যোগ নেয়া হয়। গরীবের মুখে হাসি ফোটানো সকলেরই উচিৎ। সংগঠনের সকলে মিলে যে কাজটি করা হচ্ছে এ ধরনের কাজ সমাজের বিত্তবানরা করলে সকলেই আনন্দে ঈদ কাটাতে পারতো। ছিন্নমূল ও গরীব অসহায়দের পাশে দাঁড়ানোর আহবান জানান তিনি।

এর আগে ৫ টাকায় ঈদ শপিংয়ের আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন। এসময় উপস্থিত ছিলেন খুলনা বিশ্ববিদ্যালয়ের আইন ডিসিপ্লিন বিভাগের সহকারী অধ্যাপক এহসান মজিদ মুস্তাফা, মেহেরপুর জেনারেল হাসপাতালের চিকিৎসক তারেক আহমেদসহ মেহেরপুর ভাবনার সকল সদস্যবৃন্দ।

মেহেরপুরে ৬৭ হাজার ৪২২ দুস্থ মানুষ পেল প্রধানমন্ত্রীর ঈদ উপহার

কদিন পরে ঈদ। ঘরে চাল নাই। খুবই দুশ্চিন্তায় ছিলাম, ঈদে কি খাবো। আজ ভিজিএফের চাল পেয়ে চিন্তা দুর হলো। খুবই খুশি হয়েছি। প্রধানমন্ত্রীর ঈদ উপহার পেয়ে মটমুড়া ইউনিয়নের হোগলবাড়িয়া গ্রামের আশিতিপর মোছাঃ হাজেরা বেগম ও সুরাতন নেছা বাওট গ্রামের চেনভানু বলেন একথা বলেন।

সিন্দুরকৌটা গ্রামের দিনমজুর রবজেল আলী বলেন, গত কয়েকদিন প্রচন্ড গরমে কাম কাজ নাই। ঘরে খাবার নাই। বউ বাচ্চাকে নিয়ে কষ্টে ছিলাম। আজ চাল পেয়ে ভালো লাগলো।

আসন্ন ঈদ উপলক্ষে মেহেরপুর জেলায় ৬৭ হাজার ৪২২ দুঃস্থ হতদরিদ্র অসহায় মানুষজন পেল প্রধানমন্ত্রীর দেয়া ঈদ উপহার ভিজিএফ এর চাল।

গতকাল শনিবার সকালে গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়ন পরিষদে

আনুষ্ঠানিক কার্যক্রমের মধ্য দিয়ে চাল বিতরণ শুরু হয়।

জেলা ত্রাণ ও পূনর্বাসন কর্মকর্তা মোছা: রনী খাতুন জানান, ২০২৩-২৪ অর্থ বছরের আসন্ন ঈদুল ফিতর উপলক্ষে দুস্থ ও হতদরিদ্র পরিবারের জন্য ভিজিএফ কর্মসূচির আওতায় জেলার ৩টি উপজেলার ২২ টি ইউনিয়নের ৫৯ হাজার ৭২০ টি পরিবারের মাঝে ৫৯৭.২০০ মেট্রিকটন ও ২টি পৌরসভার ৭,৭০২ টি পরিবারের মাঝে ৭৭.০২ মেট্রিক টন চাল বরাদ্দ দেওয়া হয়েছে। এর মধ্যে মেহেরপুর সদর উপজেলার ৭ টি ইউনিয়নে ১১ হাজার ৬৫০ জন উপকার ভোগীর জন্য ১১৬.৫০০ মেট্রিক টন, গাংনী উপজেলার ৯ টি ইউনিয়নে ৪৩ হাজার ৬৫ টি উপকার ভোগীর জন্য ৪৩০.৬৫০ মেট্রিক টন, মুজিবনগর উপজেলার ৪ টি ইউনিয়নে ৫ হাজার ৫ টি উপকার ভোগীর জন্য ৫০.০৫০ মেট্রিক টন, মেহেরপুর পৌরসভা (ক-শ্রেনী) ৪ হাজার ৬২১ টি উপকার ভোগীর জন্য ৪৬.২১০ মেট্রিক টন ও গাংনী পৌরসভা (খ-শ্রেনী) ৩ হাজার ৮১ জন উপকার ভোগীর জন্য ৩০.৮১০ মেট্রিক টন চাল বরাদ্দ পাওয়া গেছে।

গতকাল শনিবার সকাল ১০ টার সময় মটমুড়া, ধানখোলা ও তেঁতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদে চাল বিতরণের মধ্য দিয়ে গাংনী উপজেলার ৯ টি ইউনিয়নে ভিজিএফের চাল বিতরণ কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য ডাক্তার এএসএম নাজমুল হক সাগর এমপি।

চাল বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ডাক্তার এএসএম নাজমুল হক সাগর এমপি বলেন, ঈদ আনন্দ ভাগাভাগি করতে ও অসহায় পরিবার গুলোর মুখে হাসি ফোঁটাতে ভিজিএফের এই চাল বরাদ্দ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এরই ধারাবাহিকতায় দেশের প্রতিটি দুঃস্থ ও অসহায় পরিবারের হাতে ঈদ উপহার হিসেবে ১০ কেজি করে ভিজিএফের চাল তুলে দেয়া হচ্ছে।

এসময় মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদ, ধানখোলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুর রাজ্জাক ও তেঁতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাসসহ ইউনিয়ন পরিষদের সচিব, সাধারণ সদস্য (মেম্বর), সংরক্ষিত নারী সদস্য ও অন্যান্যরা উপস্থিত ছিলেন।

এসময় জেলার ২২ টি ইউনিয়ন ও দুটি পৌরসভার উপকার ভোগীদের মাঝে এ চাল বিতরণ করা হয়েছে। পবিত্র ঈদে এসব দুস্থ অসহায় হতদরিদ্র পরিবার ঈদ উপহার হিসেবে ভিজিএফের ১০ কেজি চাল পাচ্ছেন দুস্থ হতদরিদ্র পরিবারগুলো।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এমএ খালেক বলেন, অসহায় ও দুঃস্থ পরিবারের ঈদ আনন্দ যাতে নিরানন্দে পরিণত না হয় সে লক্ষ্যে বরাবরই কাজ করে যাচ্ছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দেশের অন্যতম জনবহুল দারিদ্র জনগোষ্ঠীর কথা চিন্তা করে প্রতি ঈদে বিভিন্ন সহযোগিতার পাশাপাশি ভিজিএফ কার্ডের সুবিধা দেন তিনি।

মেহেরপুর জেলা প্রশাসক শামীম হাসান বলেন, প্রধানমন্ত্রীর উপহার পেয়ে অনেক খুশি উপকার ভোগী পরিবার গুলো। জেলা প্রশাসনের কঠোর নজরদারির মাধ্যমে উপহারের চাল বিতরণ করা হচ্ছে।

সড়ক দুর্ঘটনায় আহত দরিদ্র মিঠুনের চিকিৎসায় এগিয়ে এলেন গাংনী মেয়র

গাংনীতে সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত হতদরিদ্র মিঠুন আলীর (৩৫) এর চিকিৎসার জন্য সাহায্যের হাত বাড়িয়ে দিলেন গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলী। আহত মিঠুন গাংনী উপজেলার খড়মপুর গ্রামের মৃত্যু মাদার আলীর ছেলে।

গতকাল শনিবার দিবাগত রাত সাড়ে আটটার দিকে গাংনী-কাথুলি সড়কের সাহারবাটি ও ভাটপাড়ার মাঝখানে একটি দ্রুতগতির আলগামনের সাথে মোটরসাইকেলের সংঘর্ষে মিঠুন আলীর ডান পায়ের মালা খুলে পড়ে যায়। পরে তাকে মূমূর্ষ অবস্থায় স্থানীয়রা উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন। সেখানে তার অবস্থা আশংকা জনক হওয়ায় কর্তব্যরত চিকিৎসক তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।

মিঠুন আলীর নিজস্ব কোনো লোকজন ও টাকা পয়সা না থাকায় কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে যেতে পারছিলেন না। এসময় গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলী ও তার জামাতা মেহেরপুর জেলা পরিষদের সদস্য মিজানুর রহমান হাসপাতালে যান। সব শুনে আহত মিঠুন আলীর চিকিৎসার